

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫০৪

80/ কিয়ামত (ﷺ আঢ়ে عن رسول الله هُ القيامة والرقائق والورع عن رسول الله পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابٌ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَلِيّ بْنِ الأَقْمَرِ، عَنْ أَبِي حُذَيْفَةَ، وَكَانَ، مِنْ أَصْحَابِ ابْنِ مَسْعُودٍ عَنْ عَائِشَةَ، قَالَتْ حَكَيْتُ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم رَجُلاً فَقَالَ " مَا يَسُرُّنِي أَنِي حَكَيْتُ رَجُلاً وَأَنَّ لِي كَذَا وَكَذَا " . قَالَتْ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّ صَفِيَّةَ امْرَأَةٌ وَقَالَتْ بِيَدِهَا هَكَذَا كَأَنَّهَا تَعْنِي قَصِيرَةً . فَقَالَ " لَقَدْ مَزَجْتِ بِكَلِمَةٍ لَوْ مَزَجْتِ بِهَا مَاءَ الْبَحْرِ لَمُزِجَ " .

বাংলা

২৫০৪. মুহাম্মদ ইবন বাশশার (রহঃ) আয়িশা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এক জনের আচরণ নকল করে দেখিয়েছিলাম। তখন তিনি বললেনঃ আমাকে এত এত সম্পদ দেওয়া হলেও কারো আচরন নকল করে দেখানো আমাকে আনন্দ দেয় না।

আয়িশা রাদিয়াল্লাহু আনহা বললেনঃ আমি একদিন বললামঃ ইয়া রাসূলাল্লাহ, সাফিয়্যা তো এতটুকু এক মহিলা। তিনি হাত দিয়ে ইশারা করে তাঁকে বেঁটে বলে দেখালেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি এমন এক কথা দ্বারা তোমার আমলকে মিশ্রিত করে ফেললে যে কথা সমুদ্রের পানির সাথে মিলালেও তা থেকে দৃষিত করে ফেলবে।

সহীহ, মিশকাত তাহকিক ছানী ৪৮৫৩, ৪৮৫৭, গায়াতুল মারাম ৪২৭, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫০২ [আল মাদানী প্রকাশনী]

English

Abu Hudhaifah narrated - and he was one of the companions of 'Abdullah bin Mas'üd - from 'Aishah who said:



"I told the Prophet (ﷺ) about a man, so he said: 'I do not like to talk about a man, even if I were to get this or that (for doing so)." She said: "I said: 'O Messenger of Allah! Safiyyah is a woman who is ..." and she used her hand as if to indicate that she is short - "So he said: 'You have said a statement which, if it were mixed in with the water of the sea, it would pollute it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন